


এখন কী?

আপনার COVID-19 পরীক্ষার পরে
যা ঘটে তা এখানে দেওয়া হয়েছে।




নিজেকে, আপনার প্রিয়জনদের এবং নিউ ইয়র্ক সিটিকে নিরাপদ রাখার প্রথম ধাপটি নেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

পরীক্ষা করানোর পরে আপনি পরবর্তী যে ধাপগুলি আশা করতে পারেন তার কয়েকটি নিচে দেওয়া হয়েছে।


1 আমি COVID-19 এর জন্য পরীক্ষা করিয়েছি। এরপরে কী হবে?

- পরীক্ষায় পজিটিভ ফল পাওয়ার ফর্মটি পূরণ করুন।
- বেশির ভাগ পরীক্ষার ফলাফল 48 ঘণ্টার মধ্যে চলে আসে।
- এই তথ্য আপনার স্বাস্থ্য পেশাজীবী বা চিকিৎসা সুবিধা থেকে আসবে।




2 আমার পরীক্ষার ফল পজিটিভ হলে কী হবে?

- পজিটিভ রোগনির্ণয়ের মানে হল আপনার COVID-19 আছে।
- আপনাকে 14 দিনের জন্য অবিলম্বে বাড়িতে বা কোনো হোটেলে নিরাপদভাবে আলাদা থাকতে হবে।



3 আমার পরীক্ষার ফল পজিটিভ এসেছে। আমার কী কী বিকল্প আছে?

- আপনার ডাক্তার উপদেশ ও সহায়তা প্রদান করবেন।
- সাহায্যের প্রস্তাব দেওয়া এবং পরবর্তী ধাপগুলি নিয়ে আলোচনা করার জন্য আপনি একজন কন্ট্যাক্ট ট্রেসারের কাছ থেকে ফোন পেতে পারেন।
- আপনার আরও বেশি চিকিৎসাগত মনোযোগ প্রয়োজন হলে, আপনারা একসাথে আলোচনা করবেন।
- আপনার যদি আপনার আশেপাশের মানুষকে সুরক্ষিত রাখার জন্য বাড়ি ছেড়ে অস্থায়ীভাবে চলে যাওয়ার প্রয়োজন হয়, তাহলে কন্ট্যাক্ট ট্রেসার আপনার জন্য হোটেলে একটি বিনামূল্যের ঘর খুঁজে দেবেন যেখানে আপনি খাবার ও অন্যান্য সহায়তা পাবেন।
- আপনি যদি নিরাপদে বাড়িতে থাকতে পারেন, তাহলে কন্ট্যাক্ট ট্রেসার খাবার ও চিকিৎসা সংক্রান্ত সরবরাহের ব্যবস্থা করতে পারেন।
- আপনি অসুস্থ হয়ে পড়ার আগের দিনগুলিতে যে সব মানুষের সংস্পর্শে এসেছেন, আপনারা একসাথে তাদের প্রত্যেকের একটি তালিকা তৈরি করবেন।
- কন্ট্যাক্ট ট্রেসার তারপরে তাদের সঙ্গে যোগাযোগ করবেন। ভাইরাসটি ছড়িয়ে পড়া বন্ধ করার জন্য, তিনি তাদেরকে পরীক্ষা করতে এবং নিজেদেরকে নিরাপদভাবে আলাদা করতে উৎসাহ দেবেন।



আরো তথ্যের জন্য www.TestandTrace.NYC এ যান
বা 311 নম্বরে ফোন করুন।